

# কালের কণ্ঠ

আপডেট : ১৯ মে, ২০১৮ ২৩:১৮

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে নতুন শিক্ষার্থীদের উৎসব



নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে গতকাল ২০১৮ সেমিস্টারের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব আবু সালেহ শেখ মো. জহিরুল হক। ছবি : কালের কণ্ঠ

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) ক্যাম্পাসে গতকাল শনিবার সামার ২০১৮ সেমিস্টারের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রগ্রাম অনুষ্ঠিত হয়েছে। সেখানে বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের ১৬টি বিভাগে স্নাতক (সম্মান) কোর্সে ভর্তি হওয়া নতুন শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়।

নবীনবরণ উপলক্ষে গতকাল এনএসইউ ক্যাম্পাস ছিল উৎসবমুখর। নতুন ভর্তি হওয়া ১৪০৩ জন শিক্ষার্থীর মধ্যে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাস্থান অর্জনকারী ৪২ জন শিক্ষার্থীকে টিউশন ফির ওপর শতভাগ পর্যন্ত বৃত্তি প্রদান করেছে এনএসইউ। গতকাল আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব আবু সালেহ শেখ মো. জহিরুল হক। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ এইচ লুৎফুল হাসান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য এম এ কাশেম, এম এ হাশেম প্রমুখ।

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com